গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০৩.১৭.৩০২ তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

বিষয়: **ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটি এর ২০২০-২০২১ অর্থ বছরের হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ।**

সূত্র: ISU/F&A/Audit/346-2021; তারিখ: ২৭/০৯/২০২১

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৪৫ ধারা অনুযায়ী সরকার ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটি এর ২০২০-২০২১ অর্থ বছরের হিসাব নিরীক্ষার জন্য নিম্নবর্ণিত কার্যপরিধি অনুযায়ী জি. কিবরিয়া এন্ড কোং, চাটার্ড একাউন্ট্যান্টস সাধারণ বীমা সদন (৬ষ্ঠ তলা), ২৪-২৫ দিলকুশা সি/এ, ঢাকা-১০০০-কে অডিটর নিয়োগে অনুমোদন প্রদান করেছেঃ

কার্যপরিধিঃ

(১) বিশ্ববিদ্যালয়ের আয়-ব্যয় সংক্রান্ত সকল কার্যাদি ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয় কি-না তা পরীক্ষা করা;

(২) ব্যয়ের ভাউচারসমূহ যাচাই করে বর্ণিত ব্যয় যথাযথভাবে হয়েছে কিনা তা Investigate করা;

(৩) সকল আয়-ব্যয় নির্দিষ্ট খাত হতে করা হয় কি-না, না হয়ে থাকলে কবে নাগাদ তা চালু করা হবে তা নির্ধারণ করা;

(৪) বিবিধ ব্যয় দেখিয়ে ব্যয়ের খাত গোপন করা হয় কি-না তা পরীক্ষা করা;

(৫) বিশ্ববিদ্যালয়ে আর্থিক লেনদেনের জন্য যথাযথভাবে লেজার সংরক্ষণ করা হয় কি-না, না হয়ে থাকলে কতদিনের মধ্যে বাস্তবায়ন করা হবে তা নির্দিষ্ট করা;

(৬) শিক্ষার্থীদের কাছ থেকে ব্যাংকের মাধ্যমে অর্থ গ্রহণ না করে নগদে অর্থ গ্রহণ করা হলে গৃহীত অর্থ হিসাবের খাতায় লিপিবদ্ধকরে যথাসম্ভব দ্রুত ব্যাংকে জমা করা হয় কি-না, এবং ছাঁপানো রশিদ বইয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করা হয় কি-না তা নিশ্চিত করা;

(৭) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী সম্পদ ভূমি, ইমারত, ব্যাংকের স্থায়ী আমানত,মূল্যবান যন্ত্রপাতি, যানবাহন বিশ্ববিদ্যালয়ের নামে ক্রয় ও রেজিষ্ট্রেশন করা হয় কি-না, না হয়ে থাকলে কার নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয়েছে তা বর্ণনা করা;

(৮) ব্যাংকের হিসাব /হিসাবসমূহ কে কে পরিচালনা করেন তা বর্ণনা করা;

(৯) বিশ্ববিদ্যালয়ের বিনিয়োগকৃত তহবিল হতে উৎসারিত আয় বিশ্ববিদ্যালয় তহবিলে জমা হয় কি-না;

(১০) হিসাব বিবরণীতে অন্যান্য আয়-ব্যয় দেখানো হলে তার বিস্তারিত বিবরণ দেয়া;

(১১) বিশ্ববিদ্যালয়ের Performance সম্পর্কে মন্তব্য করা, পূর্বের কোন মন্তব্য থাকলে তার বাস্তবায়ন হয়েছে কি-না তা দেখা;

(১২) VAT, IT আর্থিক বিধি মাফিক কর্তন করা হয়েছে কি-না তা নিশ্চিত করা;

(১৩) স্থায়ী আমানত Reserve Fund এর বিপরীতে কোন ঋণ নেয়া হয়েছে কি-না, হয়ে থাকলে বিশ্ববিদ্যালয়ের নামে না কোন ব্যক্তি বিশেষের নামে নেয়া হয়েছে তা বের করা;

(১৪) এছাড়াও বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ৪৫(১) ধারা অনুযায়ী প্রত্যেক আর্থিক বৎসরের আয়-ব্যয়ের হিসাব বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে প্রস্তুত ও সংরক্ষণ করা হয় কি-না তা যাচাই করা।

২.০ বণিতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন উপর্যুক্ত কার্যপরিধির আলোকে আবশ্যিকভাবে সম্পাদন করত প্রচলিত অন্যান্য অডিট কার্যক্রম নিষ্পন্ন করে যথাসময়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে অডিট রিপোর্ট প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

৩০-১২-২০২১
মোঃ আব্দুল মতিন
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)

উপাচার্য, ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটি,
মহাখালী, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০৩.১৭.৩০২/১(৬)

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
২) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩০-১২-২০২১
মোঃ আব্দুল মতিন
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)